

২০২০

বাংলা

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা কাব্য-কবিতা)

পর্ব - ১.৪

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১৫ নম্বরের উত্তরের জন্য A4 সাইজের দেড় পাতা (অনধিক ৩৫০ শব্দ) এবং ৫ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য A4 সাইজের অর্ধেক পাতা (অনধিক ১৫০ শব্দ) লেখা বাঞ্ছনীয়। ৮ টি পাতার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়। প্রতি পাতায় রোল নং ও পৃষ্ঠা সংখ্যা লেখা আবশ্যিক।

১। ‘সন্ধ্যাভাষা’ সম্পর্কে তোমার বক্তব্য পরিস্ফুট করো এবং তোমার পাঠ্য পদ অবলম্বনে চর্যাপদগুলিতে যে ধর্ম-দর্শনের নির্দেশ দেওয়া আছে তার বর্ণনা দাও। ৫+১০=১৫

অথবা

‘সোনে ভরিতী করুণানাবী’ ও ‘বাজণাব পাড়ী পঁউআ খালেঁ বাহিউ’ পদ দুটির বাচ্যার্থ ও রূপকার্থ বিশ্লেষণ করো এবং কয়েকটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লেখো। ৭+৮=১৫

২। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের ‘রাধা বিরহ’ খণ্ডটি প্রক্ষিপ্ত কিনা তোমার যুক্তির সমর্থনে উদাহরণ দিয়ে বিচার করো। ১৫

[পরের পাতায়]

অথবা

‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের ‘রাধা বিরহ’ খণ্ডে বাকি খণ্ডগুলিতে শ্রীকৃষ্ণ ও বড়াইকে যেমনটি দেখা গিয়েছিল তার থেকে অন্যরকম দেখা যায়-পাঠ্য পদাবলম্বনে এই বদলের কারণ কী হতে পারে তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৩। ‘বঁধু তুমি সে আমার প্রাণ’—এটি কোন্ পর্যায়ের পদ? পাঠ্য পদ অনুসরণ করে এই পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য আলোচনা করো। ১৫

অথবা

শ্রীরূপ গোস্বামী কৃত অনুরাগের সংজ্ঞা দাও। এই পর্যায়ের পদ রচনায় কবি জ্ঞানদাসের কৃতিত্ব নিরূপণ করো। ১৫

৪। ‘ধর্মমঙ্গল’ কাব্যে নারী চরিত্রগুলির উপস্থাপনার মধ্যে দিয়ে কবি সামগ্রিক ভাবে বীররসের যে অভিব্যক্তি ঘটিয়েছেন পাঠ্য পদ অবলম্বনে তার ওপর আলোকপাত করো। ১৫

অথবা

‘ধর্মমঙ্গল’ কাব্যের মহামদ চরিত্রটিকে খলচরিত্র রূপে অঙ্কন করার কারণে কাব্যের কাহিনী কীভাবে প্রভাবিত হয়েছে তা বিশদে আলোচনা করো। ১৫

৫। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো (চারটি) : ৫×৪=২০

ক) তিন ন চ্ছুপই হরিণা পিবই ন পাণী।
হরিণা হরিণীর নিলঅ গ জানী।।

অথবা

ফাডিঅ মোহতরু পাটি জোড়িঅ।
আদঅদিটি টাঙ্গী নিবাণে কোরিঅ।।

খ) ছিনারী পামরী নাগরী রাধা কিকে পাতসি মায়া

অথবা

যে ডালে করো মো ভরে সে ডাল ভাঙ্গিএঁতা পড়ে

নাহি হেন ডাল যাত করো বিসরামে।

গ) অব মথুরাপুর মাধব গেল।

গোকুল - মাণিক কো হরি নেল।।

অথবা

কন্টক গাড়ী কমল - সম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।

ঘ) হেন কালে ভগবান ছলিবারে মন।

মায়া ছলে দুটি ব্যাঘ্র করিল সৃজন।।

অথবা

অবনীতে পড়ি শিশু পালটিল গা।

শিশুর মুখেতে হয় জয়দুর্গা রা।।

—————